

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১০৪

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭

১৩ আগস্ট ২০২০

বিষয়: গাজীপুর মেট্রোপলিটন পুলিশ লাইসেন্সহ ফোর্সেস ব্যারাক, প্যারেড গ্রাউন্ড, অফিস ও অন্যান্য স্থাপনা নির্মানের নিমিত্তে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের বাসন থানাধীন যোগীতলা মৌজায় প্রস্তাবিত ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহনের নিমিত্তে ছাড়পত্র/অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১. গাজীঃ মেট্রোঃ পুঃ/প্রশাঃ/ ২০২০/ ৩৭৪/ই, তারিখঃ ১০ ফেব্রুয়ারী, ২০২০।

০২. গাজীঃ মেট্রোঃ পুঃ/প্রশাঃ/ ২০২০/ ১৮২০/ই, তারিখঃ ২৬ জুলাই, ২০২০।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ লাইসেন্সহ ফোর্সেস ব্যারাক, প্যারেড গ্রাউন্ড, অফিস ও অন্যান্য স্থাপনা নির্মানের নিমিত্তে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের বাসন থানাধীন যোগীতলা মৌজায় প্রস্তাবিত ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহনের নিমিত্তে নিমিত্তে পত্র প্রেরণ করেছে। যার মৌজা (মৌজা ম্যাপ, সংযুক্তি-০১) শিডিউল নিম্নরূপ:

থানা নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	আর এস দাগ নং	জমির পরিমাণ (একর)	পূর্ণ/আংশিক
জয়দেবপুর সদর	যোগীতলা	৫৩	০০	১২৭, ১৩৫, ১৩৮, ১৪১, ১১৭, ১১৮, ১৪৮, ১২৮, ১২৯, ৩২৭, ১৩০, ১৩১, ১৩২, ১৩৭, ১৩৩, ১৪৯, ১৩৯, ১৪৭, ১৪০, ১৪২, ১৪৩	৬.৮৮০০	পূর্ণ
জয়দেবপুর সদর	যোগীতলা	৫৩	০০	১৫০, ১৪৪, ১৪৫, ১১৬, ১১৯, ১২৫, ১২৬, ৩২৮, ১৪৬, ১৩৪, ১৩৬	৩.১২০০	আংশিক
মোট=					১০.০০ একর	

তদু প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী প্রস্তাবিত জমির মধ্যে ২য় তলা, তিন তলা বিশিষ্ট একটি করে বিল্ডিং, কয়েকটি সেমিপাকা ও টিন সেড দোকান, প্রায় ২০ থেকে ৩০ ফুট লম্বা কয়েকটি সেমিপাকা ও টিন সেড আবাসিক ঘরবাড়ী রয়েছে। বাকী জমি কৃষি কাজে ব্যবহৃত হচ্ছে (Google Map, সংযুক্তি-০২, পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০৩)। Detail Area Plan (DAP) এর Database পর্যালোচনা করে দেখা প্রস্তাবিত স্থানসমূহের বর্তমান ভূমি ব্যবহার আবাসিক, জলাধার এবং কৃষি (বর্তমান ভূমি ব্যবহার ম্যাপ, সংযুক্তি-৪)। প্রস্তাবিত ভূমি ব্যবহার Urban Residential Zone, Waterbody এবং Proposed Road Network (প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ, সংযুক্তি-৫) হিসেবে চিহ্নিত আছে। DAP এ Urban Residential Zone এ Police

Station এর Landuse Conditionnaly Permission দেয়া আছে (Final Plan Report, Group-E, Page-4-12, সংযুক্তি-৬)। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক উক্ত স্থানে প্রস্তাবিত রাস্তার জমি ছেড়ে দেয়া এবং জলাশয় সংরক্ষনের শর্ত সাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০০৯.২০.৪) (রাজউক এর অনাপত্তি পত্র, সংযুক্তি-৭)।

এমতাবস্থায়, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ লাইন্সসহ ফোর্সেস ব্যারাক, প্যারেড গ্রাউন্ড, অফিস ও অন্যান্য স্থাপনা নির্মাণ এর জন্য পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের নির্দেশক্রমে কোন আপত্তি নাই।

০১. প্রস্তাবিত জমির সীমানা সংলগ্ন ১১৭ নং দাগে একটি পুকুর রয়েছে যা জালাধার সংরক্ষন আইন, ২০০০ অনুযায়ী সংরক্ষন করতে হবে এবং উক্ত এলাকার পানির প্রবাহ অক্ষুন্ন রাখতে হবে।।


০২. DAP এ প্রস্তাবিত ৫১.৭৭ মিটার ঢাকা সিটি বাইপাস সড়কের জমি সংরক্ষন পূর্বক নিজস্ব Access Road তৈরী করতে হবে।

০৩. প্রস্তাবিত জমির পাশে অবস্থিত আবাসিক এলাকার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর জেলায় গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ।
০২. প্রস্তাবিত এলাকার Google Map।
০৩. পরিদর্শন প্রতিবেদন।
০৪. প্রকল্প এলাকার বর্তমান ভূমি ব্যবহার ম্যাপ।
০৫. প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ।
০৬. Landuse Permission।
০৭. রাজউক এর ছাড়পত্র।



১৩-৮-২০২০

আহমেদ আখতারুজ্জামান
সিনিয়র প্ল্যানার

এ কে এম আরিফুল হক, উপ-পুলিশ কমিশনার
গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১০৪/১(৩)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



১৩-৮-২০২০

জাকিয়া সুলতানা

প্ল্যানার